# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৭

১/ বিবিধ

---

আরবী

من لذذ أخاه بما يشتهي كتب الله له ألف ألف حسنة، ومحى عنه ألف ألف سيئة، ورفع له ألف ألف درجة وأطعمه الله من ثلاث جنات: جنة الفردوس، وجنة عدن، وجنة الخلد
موضوع

أورده الغزالي في " الإحياء " (2 / 11) جازما بنسبته إلى النبي صلى الله عليه وسلم! وقال السبكي في " الطبقات ": إنه لم يجد له إسنادا، وأما العراقي فقال في " تخريج الإحياء ": وذكره ابن الجوزي في " الموضوعات " من رواية محمد ابن نعيم عن أبي الزبير عن جابر، وقال أحمد بن حنبل: هذا باطل كذب، وكذا في " الميزان " و اللسان
قلت: لكن ابن الجوزي إنما أورد الحديث (2 / 172) إلى قوله: (ألف ألف حسنة) دون باقيه، وأقره السيوطي في " اللآليء " (2 / 87) ثم ابن عراق في " تنزيه الشريعة " (2 / 262) وأورده موفق الدين بن قدامة في " المنتخب " (10 / 196 / 1) ونقل عن أحمد أنه قال: هذا كذب هذا باطل

বাংলা

১০৭। যে ব্যাক্তি তার ভাইকে তার চাহিদানুযায়ী তৃপ্তি দিবে, আল্লাহ তার জন্য দশ লক্ষ সাওয়াব লিপিবদ্ধ করবেন, তার নিকট হতে দশ লক্ষ মন্দ কর্মকে মুছে ফেলবেন, তার জন্য দশ লক্ষ মর্যাদা বৃদ্ধি করে দিবেন এবং আল্লাহ তাকে জান্নাতুল ফিরদাউস, জান্নাতু আদন ও জান্নাতুল খুলদ এ তিনটি জান্নাত থেকে পানাহার করাবেন।

হাদীসটি জাল।

এটিকে গাযালী “আল-ইহইয়া” গ্রন্থে (২/১১) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হাদীস হিসাবে উল্লেখ করেছেন। সুবকী “আত-তাবাকাত” গ্রন্থে বলেনঃ তিনি এটির কোন সনদ পাননি।

তবে হাফিয ইরাকী “তাখরীজুল ইহইয়া” গ্রন্থে বলেনঃ এটিকে ইবনুল জাওযী “আল-মাওযূ'আত” গ্রন্থে আবূ যুবায়ের হতে মুহাম্মাদ ইবনু নাঈমের বর্ণনায় উল্লেখ করে বলেছেনঃ ইমাম আহমাদ ইবনু হাম্বাল বলেনঃ এটি বাতিল ও মিথ্যা। অনুরূপ কথা যাহাবীর “আল-মীযান” গ্রন্থে এবং ইবনু হাজারের “লিসানুল মীযান” গ্রন্থেও বলা হয়েছে।

আমি (আলবানী) বলছিঃ তবে ইবনুল জাওযী হাদীসটিকে (২/১৭২) (ألف ألف حسنة ...) এ পর্যন্ত উল্লেখ করেছেন।

হাদীসটি সম্পর্কে তার মন্তব্যকে সুয়ূতী “আল-লাআলী” (২/৮৭) গ্রন্থে সমর্থন করেছেন। অতঃপর ইবনু আররাকও “তানযীহুশ শারীয়াহ" গ্রন্থে (২/২৬২) তা সমর্থন করেছেন। হাদীসটি মুয়াফফাক উদ্দীন ইবনু কুদামা “আল-মুন্তাখাব” গ্রন্থে (১০/১৯৬/১) উল্লেখ করে ইমাম আহমাদের উদ্ধৃতিতে বলেছেনঃ هذا كذب هذا باطل এটি মিথ্যা, এটি বাতিল।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5368

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন